

অতীশ দীপক্ষের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন অনুষ্ঠিত



অতীশ দীপক্ষের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠিত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৭ ডিসেম্বর ২০২৫ | ০৭:১০

| প্রিন্ট সংক্ষরণ

(-) (অ) (+)

অতীশ দীপক্ষের বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের চতুর্থ সমাবর্তন রাজধানীর বাংলাদেশ-চীন মেট্রো সম্মেলন কেন্দ্রে গতকাল শনিবার অনুষ্ঠিত হয়েছে। সমাবর্তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্চের কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এস এম এ ফায়েজ।

তিনি রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্যের পক্ষ থেকে ২ হাজার ৩২৬ জন গ্র্যাজুয়েট ও মাস্টার ডিগ্রি তুলে দেন। একই সঙ্গে দেওয়া হয় ২৭টি বিশেষ অ্যাওয়ার্ড। যার মধ্যে রয়েছে ছয়টি চ্যান্সেলরস অ্যাওয়ার্ড, পাঁচটি বিগতি চেয়ারম্যানস অ্যাওয়ার্ড ও

১৬টি ভাইস চ্যাম্পেলরস অ্যাওয়ার্ড।

সমাবর্তন বক্তব্য হিসেবে বক্তব্য দেন সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী ড. আনন্দ এহসানুল হক মিলন। তাঁর বক্তব্যে সাবেক এই শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশের উচ্চশিক্ষা ব্যবস্থাকে বৈশ্বিক অর্থনীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করা এখন সময়ের দাবি। দেশের তরুণ জনশক্তিকে কাজে লাগাতে গেলে কেবল ডিগ্রিমুখী শিক্ষার মানসিকতা নয়; বরং দক্ষতা, প্র্যাকটিক্যাল সক্ষমতা ও উদ্ভাবনকে সমান গুরুত্ব দিতে হবে।

বিশেষ অতিথির বক্তব্য দেন বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশনের সদস্য অধ্যাপক আনোয়ার হোসেন। এছাড়া অতীশ দীপক্ষর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এম শামসুল আলম লিটন এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক জাহাঙ্গীর আলম নবীন গ্র্যাজুয়েটদের উদ্দেশে বক্তব্য দেন।

প্রধান অতিথি বিশ্ববিদ্যালয় মঞ্চুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এস এম এ ফায়েজ তাঁর বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েটদের অভিনন্দন জানিয়ে বলেন, জুলাই আন্দোলনে তোমাদের আত্মত্যাগের মধ্য দিয়ে আমরা নতুন বাংলাদেশ পেয়েছি। তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয়ের কাজ হলো জ্ঞান ও উদ্ভাবনকে সমৃদ্ধ করা। আমাদের এ প্রচেষ্টা চালিয়ে যাওয়ার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সবাইকে একসঙ্গে এগিয়ে আসতে হবে।